যুগান্তর

তারিখ : 15 AUG 2016
পৃষ্ঠা ২ ... কলাম ... ৭...

# পাবলিক পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস চক্রের ৫ জন গ্রেফতার

যুগান্তর রিপোর্ট

পাবলিক পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস ও ফল পাল্টে দেয়ার নামে প্রতারণায় জড়িত থাকার অভিযোগে পাঁচজনকে গ্রেফতার করা হয়েছে। গ্রেফতারকৃতরা প্রতারণায় ম্যাজিক কল ও এসএমএস ব্যবহার করে। এরা হচ্ছে— আল রাবীত ওরফে শুভ, রিয়াজ ভূঁইয়া, মেহেদী হাসান, নজরুল ইসলাম ওরফে রাজু ও আসাদুজ্জামান ওরফে গালিব। শনিবার রাজধানীর শাহবাগ এলাকা থেকে এদের গ্রেফতার করা হয়। তাদের বিরুদ্ধে শাহবাগ থানায় একটি মামলা হয়েছে। ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশের যুগ্ম কমিশনার আবদুল বাতেন রোববার ডিএমপির মিডিয়া সেন্টারে এক সংবাদ সম্মেলনে এসব তথ্য জানান।

তিনি জানান, দীর্ঘদিন ধরে তারা সামাজিক যোগাযোগের বিভিন্ন মাধ্যম ও অনলাইনে ভুয়া পেজ খুলে এসএসসি, এইচএসসিসহ বিভিন্ন পাবলিক পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের মিথ্যা আশ্বাস দিয়ে টাকা হাতিয়ে নিচ্ছিল। তাছাড়া শিক্ষার্থীদের ফল পরিবর্তন করে দেয়ার নামেও প্রতারণায় তারা জড়িত।

এ চক্রের প্রতারকরা 'ম্যাজিক কল' ও 'ম্যাজিক এসএমএস' নামে নিজেদের উদ্ভাবিত দুটি সফটওয়্যার ব্যবহার করে প্রতারণায় কাজে লাগায়। শিক্ষার্থী ও অভিভাবকদের উদ্দেশে আবদুল বাতেন বলেন, যারা প্রশ্নপত্র দেয়া বা রেজাল্ট পাল্টে দেয়ার কথা বলে, তারা মিথ্যা আশ্বাস দেয়। কোনোভাবেই কারও রেজাল্ট এভাবে পাল্টানো সম্ভব নয়। এ ধরনের প্রতারণা থেকে সতর্ক থাকতে হবে।